

# কুরআনীয় আরবী শিক্ষা

বেসিক আরবী গ্রামার  
আল কুরআনের বিষয়ভিত্তিক শব্দ

এস এম নাহিদ হাসান  
ইমরান হেলাল



বইটির উপর ধারবাহিক ভিডিও লেকচার পেতে  
উপরের QR কোডটি স্ক্যান করুন

## الإضافة - ০৯ অধ্যায়

### ১। দুই ইসমের সম্পর্ক الإضافة

দুটি **إِسْم** এর মধ্যে সম্পর্ক হলে সম্পর্কিত ব্যাপারটিকে **مُضَافٌ** এবং যার সাথে সম্পর্কিত তাকে **مُضَافٌ إِلَيْهِ** বলা হয়। **مُضَافٌ** এবং **مُضَافٌ إِلَيْهِ** সর্বদা পরপর আসে। **مُضَافٌ** কখনো **ال** এবং তনয়ীন বিশিষ্ট হয় না এবং **مُضَافٌ إِلَيْهِ** সর্বদা **مَجْرُورٌ** হবে। আমরা কিছু উদাহরণ দেখি,

| বাংলা অর্থ            | مُضَافٌ  | مُضَافٌ إِلَيْهِ | শব্দের সম্পর্ক         |
|-----------------------|----------|------------------|------------------------|
| একজন ব্যবসায়ীর বাড়ি | بَيْتٌ   | تَاجِرٍ          | بَيْتٌ + تَاجِرٌ       |
| ব্যবসায়ীটির বাড়ি    | بَيْتٌ   | التَّاجِرِ       | بَيْتٌ + التَّاجِرِ    |
| মানবজাতির প্রতিপালক   | رَبُّ    | النَّاسِ         | رَبُّ + النَّاسِ       |
| আল্লাহর ঘর            | بَيْتٌ   | اللَّهِ          | بَيْتٌ + اللَّهِ       |
| জান্নাতটির দরজা       | بَابٌ    | الْجَنَّةِ       | بَابٌ + الْجَنَّةِ     |
| গাছটির পাতা           | وَرَقَةٌ | الشَّجَرَةِ      | وَرَقَةٌ + الشَّجَرَةِ |
| অদৃশ্যের জ্ঞানী       | عَالِمٌ  | الْغَيْبِ        | عَالِمٌ + الْغَيْبِ    |

### কুরআনীয় উদাহরণ

|                                                     |                                              |
|-----------------------------------------------------|----------------------------------------------|
| সমস্ত প্রশংসা জগৎসমূহের রব আল্লাহর                  | الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ        |
| বিচার দিনের মালিক                                   | مَالِكِ يَوْمِ الدِّينِ                      |
| আর ইউসুফের ভ্রাতারা আসলো, অতঃপর তার কাছে উপস্থিত হল | وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا عَلَيْهِ |

|                                          |                                                        |
|------------------------------------------|--------------------------------------------------------|
| ফিদিয়া হলো মিসকিনদের খাদ্যদান           | فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ                             |
| আর জেনে রাখ যে আল্লাহ শাস্তি দানে কঠোর   | وَاعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ           |
| কদরের রাত এক হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ   | لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ          |
| আর মন্দের প্রতিফল মন্দই                  | وَجَزَاءُ سَيِّئَةٍ سَيِّئَةٌ                          |
| সুতরাং কেউ অগুর পরিমাণ সৎকর্ম করে        | فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ                      |
| বলুন, আমি আশ্রয় চাই মানুষের রবের নিকট   | قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ                          |
| তুমি কি দেখনি তোমার রব হস্তীবাহিনীর সাথে | أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحَابِ الْفِيلِ |
| কেমন করেছেন                              |                                                        |

দ্বিচন বা সুগঠিত বহুবচনগুলো মুদাফ হলে তাদের শেষের নুন চলে যায়,

|                                                       |                                                  |
|-------------------------------------------------------|--------------------------------------------------|
| ধ্বংস হোক আবু লাহাবের হস্তদ্বয় এবং ধ্বংস হোক সে নিজে | تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ               |
| কেয়ামত দিবসের পূর্বে আমি তা ধ্বংস করব                | نَحْنُ مُهْلِكُوهَا قَبْلَ يَوْمِ الْقِيَامَةِ   |
| তোমরা তাদের উপর এনেছো তার দ্বিগুন                     | قَدْ أَصَبْتُمْ مِّثْلَيْهَا                     |
| আর সে তার পিতা মাতাকে ওঠালো সিংহাসনে                  | وَرَفَعَ أَبَوَيْهِ عَلَى الْعَرْشِ              |
| যখন সে বললো তার পুত্রদের আমার পরে কার ইবাদত করবে?     | إِذْ قَالَ لِبَنِيهِ مَا تَعْبُدُونَ مِن بَعْدِي |

## ২। কুরআনীয় শব্দার্থঃ দল ও জামাত

|                                        |                                    |
|----------------------------------------|------------------------------------|
| দল                                     | فَرِيقٌ، جَمْعٌ، طَائِفَةٌ، رَهْطٌ |
| ভিন্নদল, বিভাগ, সম্প্রদায়, জামাত, অংশ | فِرْقَةٌ، فِئَةٌ                   |